গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-০৮
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

"চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষার টার্মস অফ রেফারেন্স (TOR):

ক) প্রকল্পের বিবরণীঃ

১। প্রকল্পের নাম : চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি)

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : সমাজকল্যাণ মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : সমাজসেবা অধিদফতর

৪। প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	উপজেলা
৪টি বিভাগ ঢাকা চট্টগ্রাম বিরশাল সিলেট	নীলফামারী, কুড়িগ্রাম, রংপুর, গাইবান্ধা, জামালপুর, সিরাজগঞ্জ, নেত্রকোনা, সুনামগঞ্জ, সিলেট, হবিগঞ্জ, সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, বরগুনা, পটুয়াখালী, ভোলা, খাগরাছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান এবং কক্সবাজার	--

খ। প্রকল্পের ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

৪.০

প্রাক্কলিত ব্যয়		মোট	টাকা	প্রকল্প সাহায্য	
৪.১. মূল	:	১২,৫৪৬.৮০	৩৯.২৪	১২৫০৭.৫৬	
৪.২. ১ম সংশোধিত অনুমোদিত	:	১২৫৪৭.১৫	৩৯.৫৯	১২৫০৭.৫৬	
৪.৩. ২য় সংশোধিত অনুমোদিত	:	৬৪৫৭.৯৫	৪৮.২৯	৬৪০৯.৬৬	

গ) বাস্তবায়নকালঃ

৫.০

বাস্তবায়নকাল		আরম্ভ	সমাপ্তি
৫.১. মূল অনুমোদিত	:	১ জানুয়ারি, ২০১২	৩১ ডিসেম্বর, ২০১৬
৫.২. ১ম সংশোধিত অনুমোদিত	:	১ জানুয়ারি, ২০১২	৩১ ডিসেম্বর, ২০১৬
৫.৩. ২য় সংশোধিত অনুমোদিত	:	১ জানুয়ারি, ২০১২	৩০ জুন ২০১৭,

ঘ) **পটভূমি** : দেশের দুঃস্থ, অবহেলিত, আইনের সাথে সংঘর্ষে জড়িত কিংবা আইনের সংস্পর্শে আসা শিশু ও মাতা পিতার যত্ন বঞ্চিত বিশেষ করে সামাজিক সুবিধাবঞ্চিত শিশুদের সুরক্ষা ও অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ইউনিসেফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় সমাজসেবা অধিদফতরের পরিচালনায় 'চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ' (সিএসপিবি) শীর্ষক প্রকল্প গত ১ জানুয়ারি ২০১২ হতে শুরু হয়ে ৩০ জুন ২০১৭ খ্রিঃ তারিখে সমাপ্ত হয়েছে।

ঙ) প্রকল্পের উদ্দেশ্যঃ

১) দরিদ্র এবং নির্যাতিত পরিবারের নারী, শিশু ও যুবদের সামাজিক সুরক্ষামূলক কার্যক্রমে প্রবেশাধিকার উন্নয়নের মাধ্যমে শিশু ও কিশোরদের নির্যাতন, সহিংসতা এবং শোষণের প্রকোপ কমিয়ে আনা।

২) জাতিসংঘের শিশু অধিকার সনদ ও আন্তর্জাতিক চুক্তির সাথে সামঞ্জস্যপূর্ণ আইনী অবকাঠামো এবং বিশেষ নীতি থেকে সকল শিশু বিশেষ করে অতি বঞ্চিত শিশু, পথশিশু, চা-বাগানের শ্রমিকদের শিশু ও বিভিন্ন চা বাগানে কর্মরত শিশুদের সামাজিক অধিকার নিশ্চিত করা।

৩) প্রকল্প এলাকার জনগোষ্ঠীকে উদ্বুদ্ধ করণের মাধ্যমে সহিংসতা, নির্যাতন এবং শোষণ প্রতিরোধে ইতিবাচক ও সহায়ক সামাজিক আদর্শের অনুশীলন, উন্নয়ন ও দৃঢ়করণ করা।

ঙ) **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ**

(১) শর্তযুক্ত অর্থ সহায়তা;

(২) শিশুর সহায়তায় টোল ফ্রি ফোন-চাইল্ড হেল্পলাইন;

(৩) সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ প্রদান;

(৪) অনলাইন কেইস ম্যানেজেমেন্ট;

(৫) পথ শিশুদের সেবা প্রদানের লক্ষ্যে ড্রপ ইন সেন্টার, ইমারজেন্সী নাইট শেল্টার চাইল্ড ফ্রেন্ডলি স্পেস ও ওপেন এয়ার স্কুল।

চ) **পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ**

১) প্রকল্পের কমপক্ষে ৫০% এলাকা সমীক্ষার আওতাভূক্ত হিসেবে মূল্যায়ন করতে হবে;

২) প্রকল্পের পটভূমি, অনুমোদন, উদ্দেশ্য ও সংশোধন, প্রকল্প ব্যয় বাস্তবায়নকাল ও অর্থায়নসহ প্রাসংগিক তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৩) প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ;

৪) প্রকল্পের উদ্দেশ্যাবলী ফলপ্রসু করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান করা;

৫) প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে যথাযথভাবে প্রচলিত আইন ও বিধিমালা এবং ২০০৬ পিপিএ, পিপিআর, ২০০৮ এর ,নির্দেশনা প্রতিপালন হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৬) প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুণগত মান ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ হচ্ছে কিনা তা যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কিনা তা যাচাই করা;

৭) প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিষয় যেমন : অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে বিলম্ব প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৮) প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ করা এবংবিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলেকাপাত করা;

৯) প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম টেকসই করার লক্ষ্যে মতামত প্রদান;

১০) প্রকল্পের সবলদিক, সুযোগ, হুমকি এবং দুর্বলতা (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেন্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;

১১) উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;

১২) প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি; (i) প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্য, এফজিডিও স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের ভিত্তিতে একটি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন এবং ক্রয়কারী সংস্থা আইএমইডি কর্তৃক

অনুমোদন গ্রহণ এবং (ii) জাতীয় পর্যায়ের একটি কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের পর্যবেক্ষণ সমূহ (Finding) অবহিত করা ও কর্মশালায় প্রাপ্ত মতামত ও সুপারিশসমূহ বিবেচনা করে উপর প্রতিবেদনটি চূড়ান্ত করা;

১৩) পরামর্শক প্রতিষ্ঠান চুক্তির তারিখ থেকে চার মাসের মধ্যে সমীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম চূড়ান্ত করবে;

১৪) পরামর্শকের সাথে আলোচনাপূর্বক ক্রয়কারী সংস্থা কর্তৃক আরোপিত অন্যান্য সংশ্লিষ্ট (আইএমইডি) দায়িত্ব পালন।

ছ) পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও প্রভাব মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
২.	(ক) টীম লিডার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• অধিকার বঞ্চিত শিশুদের নিয়ে কাজ করার অভিজ্ঞতা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণা ও কমপক্ষে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা আবশ্যক; • টীম লিডার হিসেবে কাজ করার জন্য কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষ হতে হবে এবং • পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে; • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে; এবং • সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশনা থাকতে হবে।
	(খ) শিশু সুরক্ষা বিশেষজ্ঞ	সমাজ বিজ্ঞান বিষয়ে কমপক্ষে বিএসসি ডিগ্রি	• শিশুদের নিয়ে সমাজসেবা এবং পরিকল্পনা সম্পর্কিত কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন।
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/সমাজবিজ্ঞান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন।
	ঘ) পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। • কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষ হতে হবে এবং • পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে; • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে; এবং • সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশনা থাকতে হবে।

জ) <u>পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ</u>

ক্রমিক	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	সংখ্যা
১।	প্রারম্ভিক প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০) = ৪০ টি
২।	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০) = ৪০ টি
৩।	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	৭৫ কপি জাতীয় কর্মশালার জন্য
৪।	২য় খসড়া প্রতিবেদন (বাংলায় ও ইংরেজী)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০) = ৪০ টি
৫।	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজীতে)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে	(৪০+২০) = ৬০ টি

ঝ) **ক্রয়কারী কর্তৃক প্রদেয় :**

- প্রকল্প দলিল (ডিপিপি/আরডিপিপি/পিসিআর);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য সহযোগীতা প্রদান; ইত্যাদি।